APR. 03 2001
তারিখ ...
পৃষ্ঠা 2 কলাম 2

দৈনিক ইনকিলাব

# ভুয়া রেজিষ্ট্রেশন ॥ ১৮ জন দাখিল পরীক্ষার্থীর ফল ৯ মাস প্রকাশিত হয় নাই

পাবনা সংবাদদাতা ॥ ভুয়া রেজিষ্ট্রেশনের কারণে ভাঙ্গুড়া উপ-জেলার নূরনগর দাখিল মাদ্রাসার ১৮ জন ছাত্র-ছাত্রীর ২000 সালের দাখিল পরীক্ষার ফলাফল অদ্যাবধিও প্রকাশ করা হয় নাই। ফলে এইসব ছাত্র-ছাত্রীরা ভবিষ্যৎ শিক্ষাজীবন অনিশ্চিত হইয়া পড়িয়াছে। চাটমোহর, এনায়েত উল্লাহ সিনিয়র মাদ্রাসার আরবী বিভাগের আবু ইসহাক নামের শিক্ষক বিভিন্ন শাখার ছাত্র-ছাত্রীদের নিকট হইতে মোটা অংকের টাকা গ্রহণ করিয়া ভুয়া রেজিষ্ট্রেশনের মাধ্যমে ২000 সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণের ব্যবস্থা করেন। কিন্তু ভুয়া রেজিষ্ট্রেশনের কারণে উক্ত মাদ্রাসার ১৮ জন পরীক্ষার্থীর ফলাফল স্থগিত রাখা হয়।